

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুগ্মসচিব (অধিগ্রহণ-১) অধিশাখা
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর-ভূ.ম./যুস(খাসজমি)/অভিযোগ তদন্ত-১/২০১৫-৩৩

তারিখ: ১০/০৮/২০১৬ খ্রি.

বিষয় : অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি(Grievance Redress System-GRS) সংক্রান্ত কার্যক্রম।

সূত্র : ০৪.০০.০০০০.২২২.২৭.০৩৫.৩৫.০৫, তারিখ: ০৭ জানুয়ারি ২০১৫ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে ও সুদ্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে ভূমি মন্ত্রণালয়ের জুলাই ২০১৬ মাসের অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (Grievance Redress System-GRS) সংক্রান্ত সমন্বিত প্রতিবেদন নির্ধারিত ছকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো:

বর্তমানের মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা		মোট (১+২)	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	মন্তব্য
পত্র/দরখাস্তযোগে	অনলাইনে					
১	২	৩	৪	৫	৬	৭
৮	০০	০৮ টি	০৮ টি		০০	
				(১) জেলার নান্দাইল উপজেলা ভূমি অফিসের সার্ভেয়ার জনাব মোঃ হাদিউল ইসলাম এর দুর্নীতি ও অনিয়মের বিরুদ্ধে তদন্তপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে বিভাগীয় কমিশনার, ময়মনসিংহের মাধ্যমে ভূমি মন্ত্রণালয়কে অবহিত করার জন্য জেলাপ্রশাসক, ময়মনসিংহকে অনুরোধ করা হয়েছে। (২) “দুর্নীতিবাজ সার্ভেয়ার তোফাজ্জল পুনরায় গাজীপুরে, পাইপলাইনে আরশেদুল” এর বিষয়ে অতিরিক্ত জেলাপ্রশাসক পর্যায়ের একজন কর্মকর্তা দিয়ে তদন্তপূর্বক ১৫ দিনের মধ্যে প্রতিবেদন প্রেরণ করার জন্য জেলাপ্রশাসক, গাজীপুরকে অনুরোধ করা হয়েছে। (৩) গাজীপুর জেলার সদর উপজেলা ভূমি অফিসের সহকারী কমিশনার (ভূমি) আসমাউল হুসনা এর বিরুদ্ধে ৪০ লক্ষ টাকা উৎকোচ গ্রহণের বিরুদ্ধে তদন্তপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে ভূমি মন্ত্রণালয়কে অবহিত করার জন্য বিভাগীয় কমিশনার, ঢাকাকে অনুরোধ করা হয়েছে। (৪) শেরপুর জেলার সদর উপজেলা ভূমি অফিসের সাবেক সহকারী কমিশনার (ভূমি) বিনীতা ও জোহরা বেগম কর্তৃক কোটি কোটি টাকার উৎকোচ নিয়ে সরকারের প্রায় শত কোটি টাকা মূল্যের সম্পত্তি নামজারি ও জমাভাগ করে ব্যক্তিমালাকানায় বেহাতের অভিযোগ তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য বিভাগীয় কমিশনার, ময়মনসিংহকে অনুরোধ করা হয়েছে। (৫) জনাব মোঃ খাদেমুল ইসলাম, পিতা-মোঃ আব্দুল কাদের সাকিন-বটিয়াভাঙ্গা কর্তৃক দাখিলকৃত অভিযোগের বিষয়ে জরুরিভিত্তিতে তদন্ত করে ৩১/০৮/১৬ খ্রি. তারিখের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য মহাপরিচালক, ভূরেজ অধিদপ্তকে অনুরোধ করা হয়েছে। (৬) ‘দৈনিক দৃষ্টিপাত’ পত্রিকার ২৬/০৮/১৬ খ্রি. তারিখে “সহকারী সেটেলমেন্ট অফিসারের বিরুদ্ধে মানববন্ধন” শিরোনামে প্রকাশিত সংবাদের বিষয়ে জরুরিভিত্তিতে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক ২১/০৮/১৬ তারিখের মধ্যে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য মহাপরিচালক, ভূরেজ অধিদপ্তকে অনুরোধ করা হয়েছে।		

				(৭) 'দৈনিক আমার সংবাদ' পত্রিকায় ১৮/০৩/১৬ খ্রি. তারিখে "ভূমি অধিদপ্তরের রক্ষক যখন ভক্ষক" শিরোনামে প্রকাশিত সংবাদের বিষয়ে জরুরিভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক ২১/০৮/১৬ তারিখের মধ্যে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য মহাপরিচালক, ভূরেজ অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছে। (৮) 'দৈনিক মানবজমিন' পত্রিকায় ১০/০২/২০১৫ খ্রি. তারিখে "আপিলের নেতৃত্বে গিয়াস-মহিতোষ" শিরোনামে প্রকাশিত সংবাদের বিষয়ে জরুরিভিত্তিতে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক ২১/০৮/১৬ তারিখের মধ্যে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য মহাপরিচালক, ভূরেজ অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছে।		
--	--	--	--	---	--	--

(এস.এম. মনিরুল ইসলাম)
 যুগ্মসচিব (অধিগ্রহণ-১)

ও

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা।

ফোন- ৯৫৪০১৫২

Email: monirul3425@gmail.com

মন্ত্রিপরিষদ সচিব

মন্ত্রিপরিষদ বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(দৃষ্টি আকর্ষণ : সিনিয়র সহকারী সচিব, সুশাসন ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা ব্যবস্থাপনা শাখা)।

স্মারক নম্বর-ভূ.ম./যুস(খাসজমি)/অভিযোগ তদন্ত-১/২০১৫-৩৩/১(৩)

তারিখ: ১০/০৮/২০১৬ খ্রি.

অনুলিপি:

১। উপসচিব, প্রশাসন-১, ভূমি মন্ত্রণালয় -তাকে পরবর্তী সমন্বয় সভায় GRS বিষয়টি এজেন্ডাভুক্ত করণের জন্য অনুরোধ করা হলো।

২। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়।- তাকে পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

(এস.এম. মনিরুল ইসলাম)

যুগ্মসচিব (অধিগ্রহণ-১)

ও

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা।